

স্মারক নং- ইআবি/জনসংযোগ, ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০২৬৫

তারিখ : ০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি


ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর-এর সাথে জর্ডান ও ইরানের প্রতিনিধি দলের সাক্ষাৎ

আজ (বৃহস্পতিবার) বিকেলে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ-এর সাথে তার কার্যালয়ে ইরানের আল-মোস্তফা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির চ্যান্সেলর আয়াতুল্লাহ ড. আলী আব্বাসির নেতৃত্বে একটি প্রতিনিধি দল সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে ইরানের আল-মোস্তফা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির চ্যান্সেলর আয়াতুল্লাহ ড. আলী আব্বাসি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সাথে শিক্ষা বিনিময় চুক্তি স্বাক্ষর (MOU) করতে আগ্রহ ব্যক্ত করলে মাননীয় ভাইস চ্যান্সেলর বলেন, এটি আমাদের জন্য অত্যন্ত সম্মান ও গৌরবের বিষয়। প্রয়োজনীয় সকল ধরনের প্রক্রিয়া সম্পন্ন করে খুব দ্রুততম সময়ের মধ্যে আল-মোস্তফা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সাথে শিক্ষা বিনিময় চুক্তি স্বাক্ষর করার আশা ব্যক্ত করেন। দই বিশ্ববিদ্যালয়ের মধ্যে চুক্তি স্বাক্ষর হলে এ দেশের বহু শিক্ষক-শিক্ষার্থী আল-মোস্তফা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মাধ্যমে এমফিল, পিএইচডিসহ উচ্চতর ডিগ্রী গ্রহণের সুযোগ পাবে। এতে বাংলাদেশের শিক্ষক-শিক্ষার্থীরা যে ভাবে ইরানের সমৃদ্ধ ইতিহাস ও সংস্কৃতি সম্পর্কে জানতে পারবে ঠিক তেমনিভাবে তারাও বাংলাদেশের হাজার বছরের মুসলিম ঐতিহ্য ও সভ্যতার বিষয়ে ধারণা লাভ করবে।

একই দিন দুপুরে মাননীয় ভাইস চ্যান্সেলর-এর সাথে তার কার্যালয়ে সাক্ষাৎ করেন জর্ডানের কোয়ালেটি আপগ্রেডিং একাডেমির মহাপরিচালক ড. মাহমুদ আব্দুল মাজিদ ও তুরস্ক ভিত্তিক 'দি ডেইলি সাবা' পত্রিকার সম্পাদক, জনাব মোহাম্মদ জাকির হোসেইন। এসময় তারা বাংলাদেশের মাদরাসার শিক্ষক ও শিক্ষার্থীদের আরবি ভাষা প্রশিক্ষণ বিষয়ে দ্বিপাক্ষিক সহযোগিতা চুক্তি স্বাক্ষর (MOU) সংক্রান্ত বিষয়ে আলোচনা করেন। মাদরাসার শিক্ষক ও শিক্ষার্থীদের আরবি ভাষা শিক্ষার উন্নয়নে এবং আরবি ভাষার উপর দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের প্রস্তাবে মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ বলেন, আরবি কোরআন ও হাদিসের ভাষা। এ ভাষা ইসলামি শিক্ষার প্রাণ শক্তি তাই আরবি ভাষার প্রচার ও প্রসারে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সর্বোচ্চ গুরুত্ব দিয়ে থাকে। ইতোমধ্যে সৌদি সরকারের সহায়তায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে আরবি ভাষা ইনস্টিটিউট স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে ড. মাহমুদ আব্দুল মাজিদ বলেন, মাদরাসায় অধ্যয়নরত শিক্ষার্থীদের আরবি ভাষায় দক্ষ হিসাবে গড়ে তুলতে এবং পাশাপাশি শিক্ষকগণদের জন্য আরবি ভাষা প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। তারা অনারবদের আরবি ভাষা প্রশিক্ষণের বিষয়ে বিভিন্ন কোর্স পরিচালনা করবেন বলেও জানান তিনি। এ বিষয়ে দ্রুতই ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সাথে আলোচনার মাধ্যমে দ্বিপাক্ষিক সহযোগিতা চুক্তি স্বাক্ষর হবে বলেও আশা প্রকাশ করেন একাডেমির মহাপরিচালক। এ সময় সেখানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলামসহ শিক্ষকবৃন্দ ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ।

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।


(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়